তারিখ ...
পৃষ্ঠা ...২... কলাম ...৭...

দৈনিক জনকণ্ঠ

# বেসরকারী শিক্ষক কর্মচারীর ফেব্রুয়ারির বেতনের অংশ ব্যাংকে হস্তান্তর

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) এবং কারিগরি বেসরকারী এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা)-এর শিক্ষক ও কর্মচারীদের ফেব্রুয়ারি/২০০১ মাসের বেতন-ভাতার সরকারী অংশ বাবদ ১০৫,৬৬,৮১,৮০৭/২৬ টাকার চেক সোমবার অনুদান বণ্টনকারী জনতা, অগ্রণী, রূপালী ও সোনালী ব্যাংক কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে। আগামী ৪ মার্চের মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক হতে শিক্ষক ও কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক এ্যাকাউন্ট নম্বরের মাধ্যমে উত্তোলন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়েছে। উল্লেখ্য যে, কোন সঙ্গত কারণে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক ও কর্মচারী চলতি অর্থ বছরের (২০০০-২০০১) বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করতে পারেননি তাঁরাও ব্যক্তিগত ব্যাংক এ্যাকাউন্টের মাধ্যমে উক্ত সময়ের টাকা এই সঙ্গে উত্তোলন করতে পারবেন।